150

দৈনিক বাংলা

তারিখ 23 AUG 1990 ... ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# বহিরাগতদের ক্যাম্পাসে প্রশ্রয় দেয়া হবে না

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় মঙ্গলবার সংঘটিত সন্ত্রাসী

(৩-এর পৃঃ দ্রঃ)

## বহিরাগতদের

(প্রথম পৃঃ পর)

কার্যকলাপ সম্পর্কে আলোচনা হয়। সভায় মত প্রকাশ করা হয় যে অছাত্র ও বহিরাগতদের ক্যাম্পাসে প্রশ্রয় দেয়া হবে না। এ ব্যাপারে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় সকল অনুষদের ডীন, হল প্রভোস্ট, প্রক্টর, ডাকসু ও বিভিন্ন হল সংসদের ভিপি, জিএস এবং ছাত্র সংগঠনগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সকলে ঐকমত্যে পৌঁছেন যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবন যাতে কোনভাবে ব্যাহত না হয় সে ব্যাপারে সচেষ্ট হবেন। বিশ্ববিদ্যালয় অঙ্গনে কোন সন্ত্রাস প্রশ্রয় না দেয়ার বিষয়েও মতৈক্য হয়। খবর বিজ্ঞপ্তির।